গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
**(প্রশাসন অধিশাখা)**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অক্টোবর/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামরুল হাসান *এনডিসি*
সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
সময় : বিকাল ০২.৩০ ঘটিকা
তারিখ : ১০ অক্টোবর ২০২৩

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উপসচিব (প্রশাসন) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি মোতাবেক সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

| ক্র মঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/গৃহীত কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন/ বিয়োজনের প্রস্তাব/সুপারিশ না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণের জন্য সকলে একমত পোষণ করেন। | সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২. | অর্গানোগ্রাম ও নিয়োগ বিধি | ১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম হালনাগাদকরণ এবং প্রয়োজনীয় সংখ্যক পদ সৃজনের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় উপসচিব (প্রশাসন) জানান যে, ২০১০ সালে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সৃজনের সময় প্রাপ্ত পদ ও পরবর্তীতে সৃজিত পদের সমন্বয়ে একটি অর্গানোগ্রাম অনুমোদনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত নথি অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য চেকলিস্ট অনুযায়ী পূর্বতন নথি হতে প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করা হয়েছে। | আগামী ৩০ অক্টোবর ২০২৩ তারিখের পূর্বেই ২০১০ সালে খাদ্য ও দুর্যোগ মন্ত্রণালয় হতে পৃথক হয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সৃজনের সময় প্রাপ্ত পদ ও পরবর্তীতে সৃজিত পদের সমন্বয়ে একটি অর্গানোগ্রাম অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | | ২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়োগ বিধি প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় ত্রাণ প্রশাসন-২ শাখা হতে জানানো হয় যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের খসড়া নিয়োগ বিধিমালা অনুমোদনের লক্ষ্যে সংশ্লিষ্ট কাগজপত্রদি ৩১-০৮-২০২৩ তারিখে শাখায় পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের খসড়া নিয়োগ বিধি এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, দুব্যঅ |
| | | ৩. সিপিপির খসড়া নিয়োগ বিধিমালা চূড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়। পরিচালক (প্রশাসন), সিপিপির নিয়োগ বিধিমালার জটিলতার কথা উল্লেখ করে বিষয়টি সময়সাপেক্ষ বলে অভিমত ব্যক্ত করেন। | সিপিপির নিয়োগবিধি চূড়ান্তকরণের অগ্রগতি আগামী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন), সিপিপি |
| | | ৪. জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণ ইন্স্টিটিউট এবং NEOC এর পরিচালনা পদ্ধতি ও বিধি প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় জানানো হয় যে, জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণ ইন্স্টিটিউট ও NEOC এর পরিচালনা পদ্ধতিসহ কোন বিধি প্রণয়ন করা হয়নি। দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠান ০২ (দুই) টির পরিচালনা পদ্ধতিসহ সংশ্লিষ্ট বিধি প্রণয়ন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণ ইন্স্টিটিউট এবং NEOC এর পরিচালনা পদ্ধতি ও বিধি প্রণয়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মহাপরিচালক, দুব্যঅ<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুব্যত্রাম |

<table>
<tr><th>ক্র মঃ</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত/গৃহীত কার্যক্রম</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td rowspan="3">৩.</td><td rowspan="3">প্রশিক্ষণ</td><td>১. মন্ত্রণালয়/অধিদপ্তর/সিপিপি-কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী যে সকল বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে মাসিক ভিত্তিতে একটি ডাটাবেজ তৈরি করার বিষয়ে আলোচনা হয়।</td><td>দুব্যত্রাম/অধিদপ্তর/সিপিপি কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে প্রতি মাসে আয়োজিত প্রশিক্ষণের তথ্য সবরাহকৃত ছকে সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রশিক্ষণের বিষয়</th><th>প্রশিক্ষণার্থীর সংখ্যা (তালিকা পরিশিষ্ট)</th><th>প্রশিক্ষণের স্থান</th><th>প্রশিক্ষাণের তারিখ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>১। মহাপরিচালক, দুব্যঅ<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুব্যত্রাম<br>৩। পরিচালক (প্রশাসন), সিপিপি</td></tr>
<tr><td>২. দুর্যোগ ব্যবস্থাপনা, দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী, দুর্যোগ ব্যবস্থাপনা আইন এবং জলবায়ু পরিবর্তনজনীত দুর্যোগ বিবেচনা করে বিভিন্ন প্রকল্প প্রস্তুত করার জন্য Development Ministry গুলোতে Disaster Management বিষয়টি প্রমোট করার বিষয়ে সভায় আলোচনা হয়।</td><td>Disaster Management বিষয়টি প্রমোট করার লক্ষ্যে Development Ministry গুলোর সমন্বয়ে সেমিনারের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>যুগ্মসচিব (দুব্য-১) দুব্যত্রাম</td></tr>
<tr><td>৩. গাড়ী চালকদের প্রশিক্ষণের বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণ জানান যে, গাড়ী চালকদের শিষ্টাচার, দায়িত্ব ও ট্রাফিক আইন সম্পর্কে অবহিতকরণ সংক্রান্ত প্রশিক্ষণ প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>গাড়ী চালকদের সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। মহাপরিচালক, দুব্যঅ<br>২। অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ), দুব্যত্রাম</td></tr>
<tr><td rowspan="4">৪.</td><td rowspan="4">অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত</td><td>১. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা হয়। এপিএ নির্ধারিত ২০২২-২৩ অর্থ বছরের ধারাবাহিকতা অনুযায়ী যথাসময়ে ২০২৩-২৪ অর্থ বছরেও দ্বিপক্ষীয় সভার মাধ্যমে উত্থাপিত আপত্তি লক্ষ্যমাত্রা অনুযায়ী নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও প্রতি সমন্বয় সভায় নিষ্পত্তির অগ্রগতি অবহিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>এপিএ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে দ্বিপক্ষীয় সভার মাধ্যমে মন্ত্রণালয়ের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির অগ্রগতি প্রতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>যুগ্মসচিব (অডিট), দুব্যত্রাম</td></tr>
<tr><td>২. সিপিপির অনিষ্পন্ন ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সিপিপি এর পরিচালক (প্রশাসন) জানান যে, সিপিপির অনিষ্পন্ন ১০টি অডিট আপত্তি হতে ০৪টি আপত্তির মীমাংসামূলক ব্রডশীট জবাব ৩০-০৭-২০২৩ তারিখে প্রমানকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ০৬টি আপত্তির বিষয়ে সিপিপি এবং মন্ত্রণালয়ের অডিট শাখার সাথে দ্বিপক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা করা যেতে পারে। তৎপ্রেক্ষিতে মন্ত্রণালয়ের অডিট অধিশাখার কর্মকর্তা জানান যে, বর্ণিত বিষয়ে আগামী মাসের মধ্যে একটি দ্বিপক্ষীয় সভা আহবান করা হবে।</td><td>সিপিপির অবশিষ্ট ০৬ টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আগামী মাসিক সমন্বয় সভার পূর্বেই দ্বিপক্ষীয় সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পরিচালক (প্রশাসন), সিপিপি</td></tr>
<tr><td>৩. RRRC-এর ১৬টি সংকলনভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশণার জানান যে, ১৬টি আপত্তির মধ্যে ১১টি আপত্তি ত্রি-পক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশ করা হয়েছিল। ত্রিপক্ষীয় সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে অডিট অধিশাখার কর্মকর্তা জানান যে, গত ২৮-০৮-২০২৩ তারিখে শরণার্থী বিষয়ক সেল হতে বিগত সময়ে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে যা ইতোপূর্বে অডিট অফিসে প্রেরণ করা হলে অডিট অফিস তা নিষ্পত্তি হিসাবে গণ্য না করে মন্তব্যসহ এ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করে। নিরীক্ষা অফিসের মন্তব্যের আলোকে জবাব পাওয়া যায়নি।</td><td>RRRC-এর অনিষ্পন্ন ১৬টি অডিট আপত্তির মধ্যে ১১টি আপত্তি ত্রি-পক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশের কার্যবিবরণীসহ নিরীক্ষা অফিসের মন্তব্যের আলোকে আপত্তিসমূহের প্রমাণক ও পুন: ব্রডসিট জবাব আগামী সভার পূর্বে এ মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। প্রধান, শরণার্থী বিষয়ক সেল<br>২। শরণার্থী ত্রাণ প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার</td></tr>
<tr><td>৪. মন্ত্রণালয়ের অনিষ্পন্ন অভ্যন্তরীণ আপত্তি ৬টি ও সংবিধিবদ্ধ ১৯টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। আলোচনায় অডিট সেল হতে জানানো হয় যে, বর্ণিত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ব্রডসিট জবাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট শাখায় তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া ১৯টি সংবিধিবদ্ধ অডিট আপত্তির বিষয়ে সংশ্লিষ্ট শাখা ও হিসাব শাখার কর্মকর্তাকে</td><td>মন্ত্রণালয়ের অনিষ্পন্ন অভ্যন্তরীন ও সংবিধিবদ্ধ আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের সাথে একত্রে বসে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>যুগ্মসচিব (অডিট)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র মঃ</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত/গৃহীত কার্যক্রম</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>সঙ্গে নিয়ে আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের সাথে একত্রে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।</td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td><td>৫. সমন্বয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদে সরকারি হিসাব সর্ম্পকিত স্থায়ী কমিটির ৪৯তম, ৬৫তম ও ৯২তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন স্মারক নং- ৯১ তারিখ: ২৩/০৩/২০২৩ এর মাধ্যমে মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর ও সিনিয়র কমিটি অফিসার, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, কমিটি শাখা-১ বরাবর এবং স্মারক নং- ১৩৮ তারিখ: ১৩/০৪/২০২৩ এর মাধ্যমে বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। পিএ কমিটির মিটিং হলে কার্যবিবরণী সংগ্রহ পূর্বক পরবর্তী সমন্বয় সভায় হালনাগাদ তথ্য উপস্থাপন করা হবে। তাছাড়া যে সকল কর্মকর্তা জেলায় ভ্রমণে যাচ্ছেন তাদের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট জেলার অডিট আপত্তির তালিকা সরবরাহ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়।</td><td>পিএ কমিটির সভার কার্যবিবরনী সংগ্রহক্রমে হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের অফিস পরিদর্শণকালে সংশ্লিষ্ট জেলায় দ্বিপক্ষীয় অডিট সভা করে অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করবেন।</td><td>যুগ্মসচিব (অডিট) দুব্যত্রাম</td></tr>
<tr><td></td><td></td><td>৬. মন্ত্রণালয়ের অডিট সেলের অডিট টিমগুলোর জেলাসমূহে গমন, সংশ্লিষ্ট জেলায় অবহিতকরণ ও অন্যান্য বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় জানানো হয় যে, Annual Audit Plan তৈরি করা হয়েছে এবং Plan অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।</td><td>অডিট সেলের Annual Audit Plan অনুযায়ী অডিট কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>যুগ্মসচিব (অডিট) দুব্যত্রাম</td></tr>
<tr><td>৫.</td><td>মামলা সংক্রান্ত</td><td>১. মহামান্য হাইকোর্টসহ সকল আদালতে চলমান মামলাসমূহ নিস্পত্তির বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখা, প্রত্যেকটি মামলার হালনাগাদ তথ্য যথাসময়ে সচিব মহোদয়কে অবহিত করা এবং মামলা সংক্রান্ত সর্বশেষ অবস্থা উল্লেখ করে মামলার ডাটাবেজ তৈরির বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় উপসচিব (আইন) জানান যে, মামলাসমূহের ডিজিটাল ডাটাবেজ প্রস্তুত করণের নিমিত্ত ইনোভেশন টিমের গত ৮ আগস্ট ২০২৩ তারিখের সভায় স্পাইডার আইটি লিমিটেড এর সাথে আলোচনা হয়েছে। কিন্তু কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের পত্রে জানা যায়, মন্ত্রণালয়ের স্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহের তথ্য সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক Smart Case Management System নির্মাণ কাজ চলমান রয়েছে। সিস্টেমটি খুবই শীঘ্রই পরীক্ষামূলকভাবে চালু হবে।</td><td>মন্ত্রণালয়ের বিরুদ্ধে বিভিন্ন সময়ে দায়েরকৃত মামলা এবং অন্যান্য মামলাসমূহের হালনাগাদ তথ্য সচিব মহোদয়-কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। মহাপরিচালক, দুব্যঅ<br>২। অতিরিক্ত সচিব (আইন), দুব্যত্রাম</td></tr>
<tr><td></td><td></td><td>২. কনটেম্পট মামলা বিশেষ গুরুত্ব দিয়ে মামলার কর্যক্রম পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা হয়। তৎপ্রেক্ষিতে উপসচিব (আইন) জানান, মামলাসমূহকে বিশেষ গুরুত্ব দিয়ে মামলার কার্যক্রম পরিচালিত হয়।</td><td>কনটেম্পট মামলাসমূহকে বিশেষ গুরুত্ব দিয়ে মামলার কর্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>৬.</td><td>বিভাগীয় মামলা</td><td>৩. মন্ত্রণালয় এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্মচারীর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ও আপিল মামলার তথ্য সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা হয়।</td><td>রুজুকৃত বিভাগীয় মামলা ও আপিল মামলাসমূহের নম্বরসহ হালনাগাদ তথ্য প্রতি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। যুগ্মসচিব (ত্রাণ প্রশাসন)<br>২। যুগ্মসচিব (প্রশাসন)</td></tr>
<tr><td>৭.</td><td>মোহাজের সম্পত্তি</td><td>১. মোহাজেরদের সম্পত্তি অবৈধ দখলদারদের কবল হতে উদ্ধারের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক নিম্নবর্ণিতভাবে গঠিত টাস্কফোর্স কমিটির কার্যক্রমের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় জনানো হয় যে, গঠিত টাস্কেফোর্স কর্তৃক গৃহীত কার্যক্রম চলমান আছে। অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করা হবে। তাছাড়া মোহাজের সম্পত্তি উদ্ধারের বিষয়ে উদ্ধার সেল গঠনের পরিকল্পনা নেয়া হয়েছে।<br>টাস্কফোর্স কমিটি:
<table>
<tr><th>ক্রম</th><th>পদবি ও কর্মস্থল</th><th>কমিটির রূপরেখা</th></tr>
<tr><td>১</td><td>পরিচালক (ত্রাণ), দুব্যঅ</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>উপচরিচালক (প্রশাসন), দুব্যঅ</td><td>সদস্য</td></tr>
</table></td><td>গঠিত টাস্কেফোর্স কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। মহাপরিচালক (দুব্যঅ)</td></tr>
</table>

| ক্র মঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/গৃহীত কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ৩ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি — সদস্য<br>৪ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সশ্লিষ্ট জেলা) — সদস্য<br>৫ সংশ্লিষ্ট উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা — সদস্য<br>৬ সহকারী প্রকৌশলী (মূওপ), দুব্যঅ — সদস্য<br>৭ উপপরিচালক (ত্রাণ-১), দুব্যঅ — সদস্য-সচিব | | |
| | | ২. কোন জেলা বা উপজেলায় কী পরিমাণ সম্পত্তি আছে তার পরিমাণ উল্লেখ করে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক এ মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। প্রতিবেদনের আলোকে প্রতিটি সম্পত্তি চিহ্নিত করে সম্পত্তি উদ্ধারের বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা যায় সে লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের সমন্বয়ে একটি সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | জেলা এবং উপজেলায় কী পরিমাণ সম্পত্তি আছে তার পরিমাণ উল্লেখ করে সম্পত্তি উদ্ধারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের সমন্বয়ে একটি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৩. যেসব জমি উদ্ধার করা হচ্ছে সেখানে ডিডিএম এর কার্যক্রম গ্রহণের পরিকল্পনা প্রস্তাব জরুরীভিত্তিতে পর্যালোচনা করে বাস্তবায়ন করতে হবে। তাছাড়া মোহজের সম্পত্তির ডাটাবেজ তৈরি করার বিষয়ে সভায় বিস্তরিত আলোচনা হয়। | যেসব জমি উদ্ধার করা হয়েছে তার তালিকা এবং উক্ত জমিতে ডিডিএম এর কার্যক্রম গ্রহণের পরিকল্পনা প্রস্তাব এবং মোহাজের সম্পত্তির ডাটাবেজ আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | - |
| ৮. | ত্রাণ কর্মসূচি | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণারয়ের ত্রাণ কর্মসূচির কার্যক্রম (টিআর/কাবিখা/কাবিটা/জিআর/ঢেউটিন/কম্বল/ ইজিপিপি/ভিজিএফ/শুকনা খাবর ইত্যাদি) এর বাজেট বরাদ্দ, বিতরণ ও মজুত নিয়ে সভায় আলোচনা হয়। | ত্রাণ কর্মসূচির আওতায় প্রতি মাসে বরাদ্দ প্রদানের বিবরণ ও মজুত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (ত্রাণ) |
| ৯. | দুর্যোগ ব্যবস্থাপনা | দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম অধিক গুরুত্বের সাথে বিবেচনা করে মন্ত্রণালয়ের কার্মকর্তাগণ-কে দুর্যোগ ব্যবস্থাপনার বিষয়টি অবহিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত প্রতি মাসের উল্লেখযোগ্য কার্যক্রম পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (দুব্য-১, ২, ৩) |
| ১০. | আরআরআরসি অফিসে কর্মকর্তা পদায়ন | আরআরআরসি অফিসে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ ও পদায়নের কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | আরআরআরসি অফিসে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ ও পদায়নের কার্যক্রম অব্যাহত রাখাতে হবে। | প্রধান, শরণার্থী বিষয়ক সেল |
| | আরআরআরসি অফিসের মূল্যবান খালি জায়গা ব্যবহার নিশ্চিতকরণ | বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের স্বদেশে প্রত্যাবাসনের জন্য ৩টি প্রত্যাবাসন সেন্টার নির্মাণ ও ১টি জেটি পুন:নির্মাণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে গত ২৮ মার্চ ২০২৩ খ্রিঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক দরপত্রের কার্যক্রম সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হয়েছিল। কিন্তু টেন্ডারের কার্যক্রম সম্পন্ন করার পূর্বেই ২০২২-২০২৩ অর্থ বছর শেষ হয়ে যায়। ফলে ২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব হয় নাই। বর্ণিত কার্যক্রমের জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট থেকে পুনরায় অর্থ বরাদ্দ প্রদানের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর থেকে অনুরোধ পত্র পাওয়া গেছে। তৎপ্রেক্ষিতে অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাজেট অধিশাখাকে ইউও নোটের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। বর্ণিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | রোহিঙ্গা প্রত্যাবসনের জন্য তিনটি ট্রানজিট ক্যাম্প নির্মাণের লক্ষ্যে পুনরায় অর্থ বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১. | শূন্য পদে জনবল নিয়োগ/ পদোন্নতি | ১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১১-২০তম গ্রেডে মোট শূন্য পদ আছে ২৭টি। তন্মধ্যে ৩টি পদ সংরক্ষণ, ১৭তম গ্রেডের ১টি পদ পদোন্নতির মাধ্যমে এবং অপর ২৩টি পদ সরাসরি নিয়োগের মধ্যমে পূরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় উপসচিব (প্রশাসন) জানান যে, ১৭তম গ্রেডের "ফটোকপি অপারেটর" পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে গত ০৯-০৮-২০২৩ খ্রিঃ তারিখ বিভাগীয় নির্বাচন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী | মন্ত্রণালয়ের যে সকল শূন্য পদ নিয়োগ ও পদোন্নতির মাধ্যমে পূরণ করা সম্ভব সেই সকল শূন্য পদের পদোন্নতি এবং নিয়োগ কার্যক্রম ২০২৩-২৪ অর্থবছরের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |

| ক্র মঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/গৃহীত কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিভাগীয় নির্বাচন কমিটি কর্তৃক স্বাক্ষরান্তে নথি উপস্থাপন করা হয়েছে। অবশিষ্ট শূন্য পদে নিয়োগের লক্ষ্যে নথি প্রস্তুত করা হয়েছে। | | |
| | | ২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়োগ কার্যক্রম সম্পন্নের বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক, দুব্যঅ জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে। | অধিদপ্তরে শূন্য পদের নিয়োগ কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করা এবং নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় জনবল সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, দুব্যঅ |
| ১২. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ১. মন্ত্রণালয়/অধিদপ্তর/সিপিপি-এর ২০২৩-২৪ অর্থবছরের এপিএ এর লক্ষ্যমাত্রা ও কার্যক্রম বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় উপসচিব (বাজেট) জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ কর্মপরিকল্পনা বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। তাছাড়া গত ২০২২-২৩ অর্থ বছরের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী মন্ত্রণালয়ের অর্জিত নম্বর/পজিশন-এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে কার্যক্রম চলমান আছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি-এর ২০২২-২৩ অর্থ বছরের এপিএ কার্যক্রম যাচাই-বাছাই ও মূল্যায়ন কার্যক্রম মন্ত্রণালয় কর্তৃক চলমান আছে। আগামী সভায় দুব্যঅ ও সিপিপি-এর নম্বর জানানো হবে। | ১। ২০২২-২৩ অর্থবছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী মন্ত্রণালয়ের অর্জিত নম্বর/পজিশন এবং ২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা ও কার্যক্রম আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ২০২২-২৩ অর্থবছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী দুব্যঅ/সিপিপি-এর অর্জিত নম্বর আগামী সভার পূর্বেই মূল্যায়ন প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মহাপরিচালক, দুব্যঅ<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার<br>৩। পরিচালক (প্রশাসন), সিপিপি |
| | দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ | ১. ২০২৩-২৪ অর্থ বছরে ০২ টি দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশের কর্মপরিকল্পনা রয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। তৎপ্রেক্ষিতে উপপ্রধান তথ্য কর্মকর্তা জানান যে, আগামী নভেম্বর ২০২৩ মাসে ০১টি এবং এপ্রিল ২০২৪ মাসে ০১ টি দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ করা হবে। দুর্যোগ ব্যবস্থাপনা বার্তাটি মন্ত্রণলয়ের ফোকাস হিসাবে কাজ করে বিধায় এর প্রকাশনা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণ জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা বার্ত প্রতি ০২ (দুই) মাস অন্তর প্রকাশ করলে মন্ত্রণালয়ের প্রচারণা বৃদ্ধি পাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত হয়। | মন্ত্রণালয়ের প্রচারণার বৃদ্ধির লক্ষ্যে প্রতি দুই মাস অন্তর বছরে সর্বমোট ৬টি দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অতিরিক্ত সচিব (ত্রাণ)<br>২। উপপ্রধান তথ্য কর্মকর্তা<br>৩। দুর্যোগ বার্তা প্রকাশ সম্প্রিষ্ট কমিটি |
| ১৩. | গর্ভন্যান্স ইনোভেশন সংক্রান্ত | মন্ত্রণালয়/অধিদপ্তর/সিপিপি এর ই-গর্ভন্যান্স ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা, ওয়েবসাইট হালনাগাদ এবং পরবর্তী অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় উপসচিব (আইন) জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে এ মন্ত্রণালয়ের ই-গর্ভন্যান্স ইনোভেশন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্ধারিত হয়েছে। তছাড়া গত ২০২২-২৩ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ইনোভেশন লক্ষ্যমাত্রা অনুযায়ী মন্ত্রণালয়ের অর্জিত নম্বর/পজিশন-এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে কার্যক্রম চলমান আছে।<br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি-এর ২০২২-২৩ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ইনোভেশন কার্যক্রম যাচাই-বাছাই ও মূল্যায়ন মন্ত্রণালয় কর্তৃক চলমান আছে। আগামী সভায় দুব্যঅ ও সিপিপি-এর নম্বর জানানো হবে। তাছাড়া ২০২২-২৩ অর্থ বছরের মন্ত্রণালয়ের ই-গর্ভন্যান্স ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | মন্ত্রণালয়/অধিদপ্তর/সিপিপি-এর ই-গর্ভন্যান্স ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের অর্জিত নম্বর এবং ২০২৩-২৪ অর্থ বছরের কর্মপরিকল্পনা আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। মহাপরিচালক, দুব্যঅ<br>২। অতিরিক্ত সচিব (আইন), দুব্যত্রাম<br>৩। পরিচালক (প্রশাসন), সিপিপি |
| ১৪. | NIS (জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) | মন্ত্রণালয়/অধিদপ্তর/সিপিপি এর NIS (জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা, ওয়েবসাইট হালনাগাদ এবং পরবর্তী অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। আলোচনায় উপসচিব (দুব্য-১) জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের মন্ত্রণালয়ের NIS | মন্ত্রণালয়/অধিদপ্তর/সিপিপি এর NIS (জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের অর্জিত নম্বর এবং ২০২৩-২৪ অর্থ বছরের কর্মপরিকল্পনা আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। মহাপরিচালক, দুব্যঅ<br>২। যুগ্মসচিব (দুব্য-৩), দুব্যত্রাম<br>৩। পরিচালক (প্রশাসন), সিপিপি |

| ক্র মঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/গৃহীত কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্ধারিত হয়েছে। তছাড়া গত ২০২২-২৩ অর্থ বছরের NIS (জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) লক্ষ্যমাত্রা অনুযায়ী মন্ত্রণালয়ের অর্জিত নম্বর/পজিশন-এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে কার্যক্রম চলমান আছে।<br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি-এর ২০২২-২৩ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ইনোভেশন কার্যক্রম যাচাই-বাছাই ও মূল্যায়ন মন্ত্রণালয় কর্তৃক চলমান আছে। আগামী সভায় দুব্যঅ ও সিপিপি-এর নম্বর জানানো হবে। তাছাড়া ২০২২-২৩ অর্থ বছরের মন্ত্রণালয়ের ই-গর্ভন্যান্স ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | | |
| ১৫. | ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত | ১. মন্ত্রণালয়/অধিদপ্তর/সিপিপি-এর ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত তথ্য লেখচিত্র আকারে প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক সাম্প্রতিক গুরুত্বপূর্ণ কার্যক্রমের স্থির চিত্র ডিডিএম এর ওয়েবসাইটে হোম স্লাইডার এর মাধ্যমে প্রকাশ করা শুরু করেছে।<br>তাছাড়া বিশ্ব ব্যাংকের সহায়তায় বাস্তবায়িত ECRP প্রকল্পের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ২০১৪-১৫ সালে দুর্যোগ হ্যাজার্ড ম্যাপ তথা MRVA Risk Atlas (Multi Hazard Risk and Vulnerability Assessment Modeling and Mapping প্রকাশ করে, যা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা আছে। মন্ত্রণালযের ওয়েবসাইটেও লিংক দেয়া আছে। | মন্ত্রণালয়/অধিদপ্তর/সিপিপি-এর ওয়োবসাইটের সকল তথ্য হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) |
| ১৬. | (ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের অগ্রগতি। | মন্ত্রণালয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সর্বশেষ পরিদর্শনে প্রদত্ত নির্দেশনাসমূহের তালিকা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ) জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রানুযায়ী বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করা হয়। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রানুযায়ী যথাসময়ে বাস্তাবয়ন অগ্রগতি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ) |
| | (খ) নির্বাচনী ইশতেহার - ২০১৮ বাস্তবায়ন। | নির্বাচনী ইশতেহার-২০১৮ এ প্রদত্ত ইশতেহারের মধ্যে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়সমূহ এবং বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা হয়। আলোচনায় যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ) জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রানুযায়ী বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করা হয়। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রানুযায়ী যথাসময়ে নির্বাচনী ইশতেহার-২০১৮ এর বাস্তাবয়ন অগ্রগতি প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১৭. | ক) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। আলোচনায় যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা-২০২২ প্রণয়নপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাবাকো-তে প্রেরণ করা হয়েছে। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের কোন সিদ্ধান্ত আপাতত নেই। | মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ) |
| | খ) জেলা প্রশাসক সম্মেলন-২০২৩ | জেলা প্রশাসক সম্মেলন-২০২৩ এর সিদ্ধান্তসমূহের মধ্যে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়সমূহ এবং এর বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা হয়। আলোচনায় যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ) জানান যে, জেলা প্রশাসন সম্মেলন-২০২৩ এর সিদ্ধান্ত অনুযায়ী এ মন্ত্রণালয় সংশ্লষ্ট বিষয়সমূহের বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণ করা হয়েছে। | জেলা প্রশাসক সম্মেলন-২০২৩ এর সিদ্ধান্তসমূহের পরবর্তী বাস্তবায়ন অগ্রগতি যথাযসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮. | সংসদ বিষয়ক তথ্যাদি প্রেরণ | সংসদ সংক্রান্ত তথ্যাদি সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণের নিকট হতে সংগ্রহক্রমে যথাসময়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ) জানান যে, সংসদ বিষয়ক | সংসদ সংক্রান্ত তথ্যাদি সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণের নিকট হতে সংগ্রহক্রমে যথাসময়ে প্রেরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ) |

| ক্র মঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/গৃহীত কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | তথ্যাদি সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণের নিকট হতে সংগ্রহক্রমে যথাসময়ে প্রেরণ করা হয়। | | |
| ১৯. | e-Filing কার্যক্রম সংক্রান্ত। | মন্ত্রণালয়ের e-Filing (ই-নথি) কর্যক্রম এর অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) জানান যে, প্রতি সপ্তহে ই-নথিতে নিষ্পত্তির হালনাগাদ তালিকা সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হচ্ছে। আগস্ট মাসে মন্ত্রণালয়ে ই-নথি নিষ্পত্তির হার ছিল ৫২.৪৬%, তা বৃদ্ধি পেয়ে সেপ্টেম্বর মাসে হয়েছে ৫৯.৫২%। এছাড়াও e-Filing এর অগ্রগতি তদারকির জন্য উর্ধ্বতন কর্মকর্তার সাহায্যে সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, আইসিটি সেল কাজ করছেন মর্মে সভায় অবহিত করেন। | ১। ই-নথিতে নিষ্পত্তির হালনাগাদ তালিকা প্রতি সপ্তাহের সোমবার সচিব মহোদয়সহ সকল অধিশাখা/শাখায় প্রেরণ এবং ই-নথিতে নিষ্পত্তির হার ১০০% অর্জন করার সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। অক্টোবর ২০২৩ মাস থেকে ই-নথিতে ১০০% নথি নিষ্পত্তি নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)<br>সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) |
| ২০. | বিবিধ | | | |
| ক. | গাড়ি টিওএন্ডই ভুক্তকরণ | ১. মন্ত্রণালয়ের ঢাকা মেট্রো চ ৫৩-৬৪৪৪ মাইক্রোবাসটির বয়স ১০ বছরের অধিক, জরাজীর্ণ ও নাজুক হওয়ায় যথাযথ বিধি মোতাবেক গাড়িটি অকেজো ঘোষণা করতঃ অর্থ মন্ত্রণালয়েরর সংশ্লিষ্ট পরিপত্র অনুযায়ী নতুন গাড়ি ক্রয়ের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় সিনিয়র সহকারী সচিব (সেবা) জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের টিওএন্ডই ভুক্ত ঢাকা মেট্রো চ-৫৩-৬৪৪৪ মাইক্রোবাসটির অকেজো ঘোষণাকরণ কার্যক্রম চলমান রয়েছে। | মন্ত্রণালয়ের ঢাকা মেট্রো চ ৫৩-৬৪৪৪ মাইক্রোবাসটি বিধি মোতাবেক অকেজো ঘোষণা করতঃ অর্থ মন্ত্রণালয়েরর সংশ্লিষ্ট পরিপত্র অনুযায়ী নতুন গাড়ি ক্রয়ের কার্যক্রম দ্রুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (সেবা) |
| | | ২. সকল জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার জন্য গাড়ি এবং সকল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার জন্য মোটর সাইকেলের ব্যবস্থা রাখার নিমিত্ত গাড়ি টিওএন্ডই ভুক্ত করার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে গত ০৭-০৫-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে সমাপ্তকৃত প্রকল্পের গাড়িসমুহ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী গাড়িসমুহের জ্বালানী, রক্ষণাবেক্ষণ, ড্রাইভার ও অন্যান্য কার্যাদি সম্পাদন সংক্রান্ত খাত উল্লেখ করে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয় হয়। আলোচনায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে জানান হয় যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০৮-০৮-২০২৩ তারিখের ৫১.০১.০০০০.০০৭. ১৫.০০২.২২.৭৯৫ নম্বর স্মারকে ০৩ (তিন) টি জিপ গাড়ি ও ১৫ (পনের) টি মোটর সাইকেল পরিবহন পুলে জমা প্রদান করা হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ে নির্দেশনা অনুযায়ী সমাপ্তকৃত প্রকল্পের অন্যান্য গাড়িসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী গাড়িসমুহের জ্বালানী, রক্ষণাবেক্ষণ, ড্রাইভার ও অন্যান্য কার্যাদি সম্পাদন সংক্রান্ত খাত উল্লেখ করে নতুন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, দুব্যঅ |
| খ. | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভা সংক্রান্ত | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সমন্বয় সভার বিষয়ে আলোচনা হয়। আলোচনায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় না মর্মে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ অবহিত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচাক, দুব্যঅ |
| গ. | জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা ২০২২ | মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা-২০২২ এর পরিমার্জিত খসড়া চূড়ান্তকরণের বিষয়ে আলোচনা হয়। সভায় উপসচিব (সিপিপি) জানান যে, 'জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা'র খসড়ায় ভাষাগত বিষয়ে মতামত প্রদানের জন্য খসড়াটি গত ১৬-০৭-২০২৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'বাংলা ভাষা বাস্তবায়ন কোষ' পাঠানো হয়েছিলো। 'বাংলা ভাষা বাস্তবায়ন কোষ' হতে 'জতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা ২০২২' এর খসড়ার ভাষার যথার্থতা প্রমিতীকরণ করে অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা-২০২২ আগামী সভার পূর্বেই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসচিব (সিপিপি) |

| ক্র মঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/গৃহীত কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | 'জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা ২০২২' অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ সভায় প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। | | |
| ঘ. | পরিদর্শন | সচিবালয় নির্দেশমালা অনুযায়ী সংশ্লিষ্ট শাখা অনুবিভাগ প্রধানগণকে তাদের স্ব-স্ব শাখা/অধিশাখা/অনুবিভাগ পরিদর্শন করা এবং এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প পরিদর্শণ মাসিক ভিত্তিতে সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপসচিব (প্রশাসন) জানান যে, বর্ণিত বিষয়ে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কে অবহিত করা হয়েছে। | ১। অনুবিভাগ/অধিশাখা/শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ তাদের স্ব স্ব অনুবিভাগ/অধিশাখা/শাখা পরিদর্শন করবেন এবং পরবর্তী মাসের মাসিক সমন্বয় সভায় অবহিত করবেন।<br>২। এপিএ পরিদর্শণ রিপোর্ট প্রতি মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অনুবিভাগ/অধিশাখা /শাখা প্রধানগণ<br>২। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ঙ. | বিদেশ ভ্রমণ | মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা হতে বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় কর্মকর্তা মনোনয়ন ও জিও জারি করা হয়। কর্মকর্তা মনোনয়ন ও জিও জারির অনুলিপি প্রশাসন অধিশাখায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় কর্মকর্তা মনোনয়ন ও জিও জারি কপি প্রশাসন অধিশাখায় প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। যুগ্মসচিব (প্রশাসন)<br>২। সকল অধিশাখা/শাখা কর্মকর্তা |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২০২৩

(মোঃ কামরুল হাসান এনডিসি)
সচিব

স্মারক নং ৫১.০০.০০০০.২১১.১৮.০১৬.২৩.৬০০/১(১৬) তারিখঃ ৩১-১০-২০২৩ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী, ঢাকা।
২। অতিরিক্ত সচিব .................. (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, কক্সবাজার।
৪। যুগ্মসচিব ................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), ৬৮৪-৬৮৬ বড়মগবাজার, ঢাকা।
৬। উপসচিব ........... (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।
৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
৯। উপ-প্রধান তথ্য অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।
১১। সিনিয়র সহকারী সচিব .............. (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সিনিয়র ফাইন্যান্স এন্ড একাউন্টস অফিসার (এসএফএন্ডএও), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৪। সহকারী সচিব................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

৩১/১০/২৩

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপসচিব (প্রশাসন)
ফোনঃ ৫৫১০০৫৪২
ই-মেইল: dsadmin@modmr.gov.bd

০৮/০৮